

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ট্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ ও ৫ম তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
ফ্যাক্স: ০২-৫৮৩১৫৮০৪, ওয়েবসাইট: www.ntrca.gov.bd
ই-মেইল: ntrca2005@yahoo.com

নোটিশ

এনটিআরসিএ'র ত্রয়োদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০১৬ এর লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা আগামী ১২ ফেব্রুয়ারি ২০১৭ তারিখ থেকে শুরু হতে যাচ্ছে। মৌখিক পরীক্ষায় প্রার্থীদের মানসিক দক্ষতা ও বিষয়ভিত্তিক প্রকাশ ক্ষমতা যাচাই করে চূড়ান্ত ফলাফল প্রকাশ করা হবে। মৌখিক পরীক্ষা প্রার্থীদের চাকরির নিশ্চয়তা প্রদান করে না। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে প্রার্থীদের পূর্বের নিয়মেই এবং ইতোপূর্বে এনটিআরসিএ'র নিবন্ধনকৃত সকল প্রার্থীদের সাথেই প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে হবে। প্রার্থীদের মৌখিক পরীক্ষা অত্যন্ত স্বচ্ছতা ও নিরপেক্ষতার সাথে সম্পন্ন করা হবে। এ বিষয়ে কোনরূপ তদবির না করার জন্য এবং অসাধু চক্রের প্রভাব থেকে মুক্ত থাকার জন্য সকল প্রার্থীদের অনুরোধ করা যাচ্ছে।

চেয়ারম্যান
এনটিআরসিএ, ঢাকা